

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৬১৭০

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

الْفَصْلُ الثَّانِي (بَابِ مَنَاقِبِ أَهْلِ)

আরবী

وَعَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: الْحَسَنُ أَشْبَهَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا بَيْنَ الصَّدْرِ إِلَى الرَّأْسِ وَالْحُسَيْنُ أَشْبَهَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا كَانَ أَسْفَلَ مِنْ ذَلِكَ. رَوَاهُ التِّرْمِذِيُّ

اسناده ضعيف ، رواه الترمذی (3779 وقال : حسن غريب) * فيه ابو اسحاق السبيعي : مدلس و عنعن - (ضعيف)

বাংলা

৬১৭০-[৩৬] 'আলী (রাঃ) হতে বর্ণিত। হাসান হলেন (চেহারা-আকৃতি-অবয়বে) মাথা হতে বক্ষ পর্যন্ত রাসূলুল্লাহ (সা.) -এর সদৃশ। আর হুসায়ন হলেন রাসূলুল্লাহ (সা.) -এর বুকের নিচের অংশের সদৃশ। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৭৭৯, মুসনাদে আহমাদ ৭৭৪; কারণ আবু ইসহাক যঈফ।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মিরকাত ভাষ্যকার বলেন, হাদীসের বাচনভঙ্গি থেকে মনে হচ্ছে যে, বড়জন অপেক্ষে সাদৃশ্য পেয়েছে পৃথিবীতে আগে আসার দরুন। আর অবশিষ্টাংশ ছোটজনের জন্য পরে আসার দরুন। হাদীসে আরো স্পষ্ট হয় যে, হাসান ও হুসায়ন (রাঃ) তারা কেউই তাদের পিতা-মাতার সাদৃশ্য পাননি। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86146>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন